DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 13 Nov 2026, 03:32 PM

সারাদেশ

ট্যালকম পাউডারের ঘোষণায় রাসায়নিক পণ্য আমদানি, ২৫ টন পণ্যসহ ট্রাক জব্দ

প্রতিবেদক: বেনাপোল (শার্শা) প্রতিনিধি
প্রকাশের তারিখ: শুক্রবার, ১৩ নভেম্বর ২০২৬, ০৮:০১ AM



ট্যালকম পাউডারের ঘোষণায় রাসায়নিক পণ্য আমদানি, ২৫ টন পণ্যসহ ট্রাক জব্দ

ট্যালকম পাউডার আমদানির ঘোষণা দিয়ে এর আড়ালে উচ্চ শুল্কমূল্যের অন্য রাসায়নিক পণ্য আনার মাধ্যমে রাজস্ব ফাঁকির চেষ্টার অভিযোগ উঠেছে যশোরের বেনাপোল স্থলবন্দরে। এ ঘটনায় ২৫ টন পণ্যবোঝাই একটি ট্রাক জব্দ করেছে কাস্টমস কর্তৃপক্ষ।

বুধবার (১১ নভেম্বর) রাত ১০টার দিকে বন্দরের ৯ নম্বর শেড থেকে ট্রাকটি বের করে নেওয়ার সময় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সেটি জব্দ করা হয়।

জব্দ করা চালানের আমদানিকারক প্রতিষ্ঠান অনিন্দিতা ইন্টারন্যাশনাল। আর পণ্যটি শুল্ক পরিশোধ ছাড়াই বন্দর থেকে বের করে নেওয়ার চেষ্টার অভিযোগ উঠেছে সিঅ্যান্ডএফ এজেন্ট ব্রাইট ইন্টারন্যাশনালের বিরুদ্ধে।

বেনাপোল কাস্টমস হাউসের ডেপুটি কমিশনার মো. বায়জিদ হোসেন জানান, আমদানি-সংক্রান্ত কাগজপত্রে পণ্যটির নাম ট্যালকম পাউডার উল্লেখ করা হয়েছে। তবে বন্দরে চালানটি প্রবেশের পর প্রয়োজনীয় এন্ট্রি ও রাজস্ব পরিশোধ ছাড়াই গোপনে বাংলাদেশি একটি ট্রাকে তুলে বাইরে নেওয়ার চেষ্টা করা হচ্ছিল।

বিষয়টি সন্দেহজনক মনে হওয়ায় কাস্টমস কর্মকর্তারা অভিযান চালান। পরে কাগজপত্র যাচাই করে ঘোষিত পণ্যের সঙ্গে প্রকৃত পণ্যের অসংগতি থাকার সন্দেহে চালানটি জব্দ করা হয়।

কাস্টমস কর্মকর্তাদের ধারণা, ট্যালকম পাউডারের ঘোষণা দিয়ে এর আড়ালে উচ্চ শুল্কমূল্যের অন্য কোনো রাসায়নিক পণ্য আমদানি করা হয়ে থাকতে পারে। তবে পরীক্ষার আগে পণ্যটির প্রকৃত পরিচয় নিশ্চিত হওয়া সম্ভব নয় বলে জানিয়েছেন তাঁরা।

ডেপুটি কমিশনার আরও জানান, এ ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কাস্টমস আইন অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

বেনাপোল স্থলবন্দরের উপপরিচালক রুহুল আমিন বলেন, জব্দ করা ২৫ টন পণ্যবোঝাই ট্রাকটি বর্তমানে বন্দরের নিরাপত্তা হেফাজতে রয়েছে। এ ঘটনায় জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে বন্দর কর্তৃপক্ষের পক্ষ থেকেও আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে স্থানীয় ব্যবসায়ীরা বলছেন, এ ধরনের অনিয়মের কারণে সরকার বিপুল পরিমাণ রাজস্ব থেকে বঞ্চিত হতে পারে। রাজস্ব ফাঁকি ও পণ্য আমদানিতে অনিয়ম ঠেকাতে কাস্টমস ও বন্দর কর্তৃপক্ষের নজরদারি আরও জোরদার করার দাবি জানিয়েছেন তাঁরা।

এ বিভাগের আরও খবর



ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে অভিযান, আটক ৭ দালালের ৫ জনের কারাদণ্ড
ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে দালালচক্রের সাত সদস্যকে আটক করেছে জেলা প্রশাসন ও এসআরবি। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাঁদে...




পৈতৃক বাড়িতে আগুনের ঘটনায় আওয়ামী লীগকে দায়ী করলেন নুসরাত তাবাসসুম

কুষ্টিয়ার দৌলতপুরে নিজের পৈতৃক বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনাকে পরিকল্পিত হামলা বলে দাবি করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক ও সংরক...



বিজয়নগরে তিন প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা জরিমানা

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার চম্পকনগর বাজারে নিরাপদ খাদ্য ও ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যৌথ অভিযানে তিনটি প্রতিষ্ঠানকে ৩২ হাজার টাকা...



কুষ্টিয়ায় দুই বাড়িতে কাফনের কাপড়, চিরকুটে ১০-১২ দিনের মধ্যে মৃত্যুর হুমকি

কুষ্টিয়ার দৌলতপুরে পৃথক দুটি বাড়ির সামনে কাফনের কাপড়, আগরবাতি, সাবান, গোলাপজল ও হুমকিসংবলিত চিরকুট রেখে গেছে দুর্বৃত্তরা। চিরকুটে দুই ব্যক্ত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/tjalkm-paudarer-ghoshnay-rasaynik-pnj-amdani-25-tn-pnjsh-trak-jbd